

## মায়ীদের জন্য

-জাহেদ আহমদ

anondomela@yahoo.com

আজিকে নিশীথে আকাশের গায়ে  
ওঠেনি একটি তারা,  
হইতে সাথী তাহার তরে  
হয়েছে যে মাতৃহারা।

গুনে কি তুমি খুঁজে পাও  
সাগরের হারিয়ে যাওয়া ঢেউ?  
তার কথা আমি কি লিখিব বন্ধু,  
নেই আজ যার কেউ!

কথা হলেই সুধাইত কুশলাদি  
নিত মা খোঁজ খবর,  
আমি যেদিন স্মরিলাম মায়েরে  
ঠিকানা আজ তাঁর কবর।

আমার কেবল গুণ দেখিত  
দেখিত না কোন দোষ,  
আমার অসুখে সকলের আগে  
সে-ই হারাতো হুঁশ।

"আহারে আমার সোনার ছেলে",  
কে বলিবে আজ আর,  
বুঝিবে এ ব্যথা সে-ই ভাইরে,  
মা নেই আজ যার।

আধুনিক পৃথিবীকে  
গ্রামীণ মা আমার  
পেত ভীষণ ভয়,

গাছের ছায়ায়  
পাখির কুজনে,  
নিয়েছে তাই  
শেষ আশ্রয়।

হও যদি তুমি ভাগ্যবান  
আজ ও দেখছ, মায়ের হাসি,  
দেৱী না করে বলে দিও তাঁরে,  
মা, আমি তোমায় ভালবাসি।

ঈং আইঈঈঈঈ  
৯ ঈঈঈ ২০০৫